# ইনোভেশন ও সেবা সহজিকরণ ডকুমেন্টেশন

## ২০২০-২০২১

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সোনারগাঁও, নারায়ণগঞ্জ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

www.sonargaonmuseum.gov.bd

## ১.১ ভিশন ও মিশন

### ১.১.১ রূপকল্প
ঐতিহ্যবাহী লোককারুশিল্প অনুরাগী সংস্কৃতিমনস্ক জাতি।

### ১.১.২ অভিলক্ষ্য
অনুসন্ধান, সংগ্রহ, গবেষণা ও মান উন্নয়নের মাধ্যমে ঐতিহ্যবাহী লোককারুশিল্পের উৎকর্ষ সাধন ও প্রসার।

## ১.২ ফাউন্ডেশন পরিচিতি

বাংলাদেশের ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্প আমাদের সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। আমাদের জাতিস্বত্তার স্বকীয়তা ও অতীত ঐতিহ্যের এ এক মূর্ত প্রতীক। চিরায়ত বাংলার লোকজ জীবনধারার ধারাবাহিকতা-তার দৈনন্দিন জীবনাচারে দৃশ্যমান নান্দনিকতা, আমাদের স্বপ্ন সবকিছুই কারুশিল্পের মধ্যে নিহিত । আমাদের অতীতকে ফিরে দেখা, অতীতের সুদৃঢ় ভিত্তির উপর বর্তমানকে দাঁড় করানো ও সাংস্কৃতিক ভবিষ্যতের সঠিক গন্তব্যের নিশানা খুঁজতে ১৯৭৫ সালে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। বাংলার ইতিহাসের এক গৌরবোজ্জ্বল প্রাচীন জনপদ সোনারগাঁ। প্রায় তিনশত বছর সোনারগাঁও প্রাচীন বাংলার রাজধানী ছিল। সুলতানী আমলের শাসকগণ, বার ভূঁইয়া প্রধান ঈসা খাঁ ও জগদ্বিখ্যাত মসলিন থেকে সোনারগাঁওকে আলাদা করা যায় না। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম আর্থিক সাহায্য-সহযোগিতা ও পৃষ্ঠপোষকতায় শিল্পাচার্য জয়নুল আবেদিন যথার্থভাবেই ঐতিহাসিক সোনারগাঁকে বেছে নিয়েছিলেন আমাদের সোনালি ঐতিহ্যের দিকে পিছন ফিরে তাকিয়ে দেখতে। বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন ১৯৯৮ ( ১৯৯৮ সনের ৮ নং আইন ) এর ধারা ৭ এর (চ) উপ ধারায় কারুশিল্পের উৎসাহ প্রদানের বিষয়ে সুস্পষ্ট ভাবে উল্লেখ করা হয়েছে। লোক ও কারুশিল্পের নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন, গবেষণা, পৃষ্ঠপোষকতা, উৎসাহদান প্রভৃতির মাধ্যমে লোক ও কারুশিল্পের পুনর্জাগরণ এ ফাউন্ডেশনের প্রধান উদ্দেশ্য।

## ১.৩ ফাউন্ডেশনের কার্যাবলি

(ক) লোক ও কারুশিল্পের নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শন;
(খ) লোক ও কারুশিল্প মান উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন;
(গ) লোক ও কারুশিল্প বিষয়ে জরিপ, গবেষণার ব্যবস্থা করা এবং গবেষণালব্ধ তত্ত্ব ও তথ্যাদির প্রকাশনার ব্যবস্থা করা;
(ঘ) লোক ও কারুশিল্পের শিল্পীকে সহযোগিতা করা প্রদান;
(ঙ) লোক ও কারুশিল্পের গবেষণায় নিয়োজিত যে কোন ব্যক্তি বা সংস্থাকে সাহায্য ও সহযোগিতা করা;
(চ) লোক ও কারুশিল্প উন্নয়ন নীতি প্রণয়নে সরকারকে সহযোগিতা করা এবং তৎসম্পর্কিত যে কোন বিষয়ে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান;
(ছ) লোক ও কারুশিল্পের প্রচার ও প্রসারের লক্ষ্যে দেশের বিভিন্ন অঞ্চলে মেলা, প্রদর্শনী, ওয়ার্কসপ-এর আয়োজন;
(জ) স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব লোক ও কারুপণ্য জনপ্রিয় ও বিপণন কর্মসূচি গ্রহণ।

## ১.৪ ভূমিকা

নাগরিকদের জীবনমান উন্নয়ন ও আধুনিকায়ন এবং সহজেই নাগরিক সেবা প্রাপ্তি, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবস্থাপনা, কর্মপদ্ধতি, শিল্পবাণিজ্য ও উৎপাদন, অর্থনীতি, সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা ডিজিটাল পদ্ধতিতে পরিচালনা করার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের পথচলা শুরু হয়। দেশের জনগণকে বিশেষ করে তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তি বিষয়ে দক্ষ হিসেবে গড়ে তোলা, দেশের প্রতিটি নাগরিকের জন্য কানেক্টিভিটি নিশ্চিত করা, সরকারের স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকল্পে জনগণের দোরগোড়ায় নাগরিক সেবা পৌঁছানো, ডিজিটাল বাংলাদেশ লক্ষ্য অর্জনে তথ্যপ্রযুক্তি শিল্পের সবাইকে প্রয়োজনীয় সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছে বর্তমান সরকার।

জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ, প্রতিটি অধিদপ্তর/সংস্থা, জেলা এবং উপজেলা পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, সেবা সহজিকরণ চালু করেছে। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। ইনোভেশন টিম স্ব স্ব দপ্তরের সেবাসমূহ পর্যালোচনা করে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করে।

## ১.৫ ইনোভেশন টিম

| ক্র.নং | নাম ও পদবী | | মোবাইল ও ইমেইল |
|---|---|---|---|
| ০১ | ড. আহমেদ উল্লাহ | পরিচালক<br>ও<br>ইনোভেশন অফিসার | +৮৮০১৭১২৫৫৬৮৬৪<br>director@sonargaonmuseum.gov.bd |
| ০২ | জনাব মো: রবিউল ইসলাম | উপপরিচালক<br>ও<br>ফোকাল পয়েন্ট | +৮৮০১৭১২-২০১৭৫৯<br>dd@sonargaonmuseum.gov.bd |
| ০৩ | জনাব একেএম আজাদ সরকার | ডিসপ্লে অফিসার<br>ও<br>সদস্য | +৮৮০১৮১৯-১১২৫৬৩<br>do@sonargaonmuseum.gov.bd |
| ০৪ | জনাব মো: ইয়ামিন খান | রেজিস্ট্রেশন অফিসার<br>ও<br>সদস্য | +৮৮০১৯১৩৫১৪২৯৬<br>ro@sonargaonmuseum.gov.bd |
| ০৫ | জনাব মিজানুর রহমান | উচ্চমান সহকারী<br>ও<br>সদস্য | +৮৮০১৮১৯-৮৪৭৩৩২<br>accountant@sonargaonmuseum.gov.bd |
| ০৬ | জনাব মো: আশরাফুল আলম নয়ন | তত্ত্বাবধায়ক<br>ও<br>সদস্য সচিব | +৮৮০১৭১৭-৩৪৪১২৫<br>caretaker@sonargaonmuseum.gov.bd |

## ২.০ চলতি অর্থবছরে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজীকরণ তালিকা

- অনলাইন স্টোর ম্যানেজম্যান্ট সিস্টেম
- মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এর মাধ্যমে স্টল ভাড়া প্রদান

## ২.১ অনলাইন স্টোর ম্যানেজম্যান্ট সিস্টেম

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন ও স্টোর ব্যবস্থাপনার যাবতীয় কার্যাবলী ডিজিটালাইজড বা সফটওয়্যারে সম্পাদন করার লক্ষ্যে গত ২৪ নভেম্বর ২০২০ তারিখে অনলাইন স্টোর ম্যানেজম্যান্ট সিস্টেম বাস্তবায়নের আদেশ জারি হয়। কোভিড-১৯ পরিস্থিতির কারনে সফটওয়্যারটি এখনো ডেভলপমেন্ট পর্যায়ে আছে। খুব শীঘ্রই সফটওয়্যারটির কার্যক্রম চালু করা হবে।

### ২.১.১ সেবা পদ্ধতি বিশ্লেষণ

**পূর্বের পদ্ধতি**

স্টোর গ্রহণ, অধিযাচন, মজুদ পণ্য ইনভেন্টরি কাগুজে পদ্ধতিতে আলাদা রেজিস্টার খাতার মাধ্যমে সংরক্ষণ করা হতো

**প্রস্তাবিত/বাস্তবায়িত পদ্ধতি**

স্টোর রিসিভ, রিক্যুইজিশন ও স্টক ওভারভিউসহ স্টোর ব্যবস্থাপনার যাবতীয় কার্যাবলী অনলাইন সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন হচ্ছে

**পূর্বের পদ্ধতিতে অসুবিধা**

- স্টোরে পণ্য গ্রহণ ও পণ্যের অধিযাচন প্রদান তুলনামূলক সময়সাপেক্ষ
- কাগজের অধিক ব্যবহার
- মজুদ পণ্যের ইনভেন্টরি দেখার সুযোগ নেই

**বর্তমান পদ্ধতিতে সুবিধা**

- অনলাইনে খুব সহজেই পণ্যের রিক্যুইজিশন দেয়া যায়
- মজুদ পণ্যের তালিকা দেখা যায়
- কাগজের ব্যবহার নেই
- হিসাব বের করা সহজ ও স্বয়ংক্রিয়


## ২.২ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এর মাধ্যমে স্টল ভাড়া প্রদান

গত ০৬ ডিসেম্বর ২০২০ তারিখে ফাউন্ডেশনের কারুপণ্য বিপণন চত্বরের ৪৮ জন স্টল গ্রহীতাদের মাসিক ভাড়া মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (বিকাশ) এর মাধ্যমে আদায় করার পদ্ধতি চালু করা হয়েছে। এই সেবাটি বাস্তবায়নের ফলে অভ্যর্থনা ও হিসাব শাখার দাপ্তরিক কাজের অনেকগুলো ধাপ কমে গেছে। সেইসাথে দোকান গ্রহীতাদের ফাউন্ডেশনের প্রশাসনিক ভবনে আসা যাওয়ার যাতায়াত খরচ ও সময় সাশ্রয় হচ্ছে। পেমেন্ট করার পরের কার্যদিবসে উক্ত অর্থ সরাসরি ফাউন্ডেশনের ব্যাংক অ্যাকাউন্টে জমা হচ্ছে। অর্থ জমা প্রদানের জন্য হিসাব শাখার ব্যাংকে যাতায়াত করার প্রয়োজন হচ্ছে না।

### ২.২.১ প্রসেস ম্যাপ

**প্রসেস ম্যাপ**

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে দোকান ভাড়া প্রদান



### ২.২.৩ সেবাটি বাস্তবায়নে চ্যালেঞ্জ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ

কারুপণ্য বিপণন চত্বরের স্টল গ্রহীতারা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে কিভাবে ভাড়া প্রদান করবে বা এ বিষয়ে তাদের প্রযুক্তি জ্ঞান একটি বড় চ্যালেঞ্জ। তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বা চ্যালেঞ্জ নিরসনে স্টলগ্রহীতাদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### ২.২.৪ সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ

স্টেকহোল্ডারদের উপস্থিতিতে এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও তাদের মাঝে স্টিকার ও লিফলেট বিতরণ করা হয়েছে।  ভবিষ্যতে স্টেকহোল্ডার ‘ভাড়া প্রদান পদ্ধতি’ শতভাগ অনলাইনে বাস্তবায়নের লক্ষ্যে একটি সফটওয়্যার ডেভলপ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।